

কারা আবেদন করতে পারবে

- যদি আপনার বয়স 18 বছর বা তারচেয়ে বেশি হয় এবং আপনার কাছে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ কর্তৃক ইস্যুকৃত ভ্রাম্যমান খাবার বিক্রয়ের একটি বৈধ লাইসেন্স (আই.ডি. ব্যাজ) থাকে তাহলে আপনি Green Cart-এর পারমিট পাওয়ার অপেক্ষমান তালিকায় থাকার জন্য আবেদন করতে পারবেন।

কিভাবে আবেদন করতে হবে

ধাপ 1: “Green Cart-এর অপেক্ষমান তালিকায় থাকার আবেদনপত্র” পূরণ করুন

A. আবেদনকারীর তথ্য

আপনার ভ্রাম্যমান খাবার বিক্রয়ের লাইসেন্স নম্বর ও আপনার সোশ্যাল সিকিউরিটি বা ITIN নম্বর সহ আপনার ব্যক্তিগত তথ্যাবলী লিখুন। যদি আপনার একটি বৈধ ভ্রাম্যমান খাবার বিক্রয়ের লাইসেন্স না থাকে, তাহলে Green Cart-এর অপেক্ষমান তালিকায় থাকার জন্য আবেদনপত্র জমা দেয়ার আগে আপনাকে একটি বৈধ লাইসেন্স পেতে হবে (ভ্রাম্যমান খাবার বিক্রয়ের লাইসেন্সের জন্য আবেদন করার ধাপগুলো দেখুন)।

B. সতর্কতার সাথে একটি বরো বা কয়েকটি বরো বাছাই করুন

আপনি নিউ ইয়র্ক সিটির যে বরোগুলোতে Green Cart পরিচালনা করতে চান সেই সবগুলো বাছুন। যদি আপনি শুধুমাত্র একটি বরোতে পরিচালনা করতে চান, তাহলে আপনাকে শুধু একটি নাম বাছতে হবে। পারমিটের জন্য আপনার নির্বাচিত হওয়ার সম্ভাবনা বেশি থাকবে যদি আপনি বেশি বরোতে পরিচালনা করতে আগ্রহী থাকেন, তবে এমন কোনো বরো বাছবেন না যেখানে আপনি কাজ করতে আগ্রহী নন।

C. অগ্রাধিকারপ্রাপ্ত গ্রুপসমূহ

ফরমটি আরো জানতে চাইবে যে আপনি কোনো একটি অগ্রাধিকারপ্রাপ্ত গ্রুপের সদস্য কিনা। 2008 সালের স্থানীয় আইন 9 অনুযায়ী, অপেক্ষমান তালিকায় থাকার জন্য অগ্রাধিকার নির্ভর করে আপনার আবেদনপত্র পাওয়ার সময় আপনাকে প্রদত্ত পয়েন্টের উপর। সেই সব আবেদনকারীদেরকে বেশি পয়েন্ট দেয়া হয় যারা:

- ইতিমধ্যেই একটি বর্তমান অ-গ্রীনকার্ট ভ্রাম্যমান খাবার বিক্রয়ের পারমিটের জন্য অপেক্ষমান তালিকায় রয়েছেন
- যুক্তরাষ্ট্রের প্রতিবন্দী ভেটেরান
- প্রতিবন্দী ব্যক্তি (ভেটেরান নন)
- যুক্তরাষ্ট্রের ভেটেরান (প্রতিবন্দী নন)

আপনাকে যদি একটি অপেক্ষমান তালিকা থেকে পারমিটের আবেদন করার জন্য বেছে নেওয়া হয় তাহলে আপনাকে নিজের উত্তরগুলির সপক্ষে প্রমাণ দেখাতে হবে। আপনি যদি প্রমাণ দেখাতে ব্যর্থ হন তাহলে আপনি যতগুলো বরো বেছেছিলেন সেই সবকটির জন্যই আপনার অপেক্ষমান তালিকায় থাকার আবেদনপত্র বাতিল করা হবে এবং আপনাকে পুনরায় আবেদন করতে হবে।

যুক্তরাষ্ট্রের প্রতিবন্দী ভেটেরান-এর সংজ্ঞা:

যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী থেকে সম্মানের সাথে অব্যাহতি পাওয়া একজন ভেটেরান যিনি ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অব ভেটেরানস্ অ্যাফেয়ার্স থেকে চার্কির-সংক্রান্ত ক্ষেত্রে 10% বা তারচেয়ে বেশি অক্ষম হিসেবে প্রত্যায়িত হয়েছেন।

যুক্তরাষ্ট্রের ভেটেরান-এর সংজ্ঞা:

যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী থেকে সম্মানের সাথে অব্যাহতি পাওয়া ভেটেরান।

প্রতিবন্দী ব্যক্তির সংজ্ঞা:

আপনার অবশ্যই এমন একটি শারীরিক বা মানসিক বৈকল্য থাকতে হবে যা জীবনের এক বা একাধিক গুরুত্বপূর্ণ কার্যক্রম পরিচালনাকে উল্লেখযোগ্যভাবে সীমাবদ্ধ রাখে এবং এই ধরনের বৈকল্যের রেকর্ড থাকতে হবে। শারীরিক বৈকল্যের অন্তর্ভুক্ত থাকতে পারে একটি শারীরবৃত্তীয় ব্যাধি বা অবস্থা, অথবা কাঠামোগত হানি যা নিচের এক বা একাধিক শারীরিক পদ্ধতিকে প্রভাবিত করে: স্নায়বিক; পেশী ও কঙ্কালতন্ত্র; বিশেষ ইন্দ্রিয় অঙ্গ; কণ্ঠা বলায় অঙ্গসমূহ সহ শ্বসন অঙ্গ; হৃদপেশী, যৌন ও মূত্রযুক্ত, রক্ত ও লসিকা সংক্রান্ত; বা চর্ম ও অন্তঃক্ষরা গ্রন্থি সংক্রান্ত। এগুলোর উদাহরণের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, কিন্তু এগুলোতেই সীমাবদ্ধ নয়, এমন রোগসমূহ এবং অবস্থা যেমন অস্থি, দুর্ভিক্ষ, বাচন ও শ্রবণ বৈকল্য, সেরেব্রাল প্যালিসি, পেশির অব্যাহত ক্ষয়, এবং মাল্টিপল স্কেলোসিস। মানসিক বৈকল্যের অন্তর্ভুক্ত রয়েছে যে কোনো মানসিক বা শারীরিক ব্যাধি যেমন মানসিক প্রতিবন্ধকতা, অর্গানিক ব্রেইন সিনড্রোম, আবেগ সংক্রান্ত বা মানসিক অসুস্থতা, এবং সুনির্দিষ্ট শিক্ষণ অক্ষমতা।

D. সাহায্যের জন্য অনুরোধ

গ্রীন কার্টের ব্যবসা পরিচালনা ও কম মূল্যে ব্যবসায়িক ঋণ পাওয়া সম্পর্কে যদি আপনি তথ্য পেতে চান তাহলে অনুগ্রহ করে তা জানান।

E. ফরমটিতে স্বাক্ষর করুন ও তারিখ দিন।

ধাপ 2: আপনার পূরণকৃত আবেদনপত্রটি ডাকযোগে ফর্মে উল্লেখিত নির্ধারিত তারিখের মধ্যে পাঠিয়ে দিন।

- আপনি শুধুমাত্র একটি আবেদনপত্র জমা দিতে পারবেন। যদি আপনি একটির বেশি আবেদনপত্র জমা দেন, তাহলে আপনি অযোগ্য হয়ে যাবেন এবং Green Cart-এর যে কোনো অপেক্ষমান তালিকার জন্য প্রত্যাখ্যাত হবেন। আবেদনপত্রটি এই ঠিকানায় ডাকযোগে পাঠান:

New York City Department of Health and Mental Hygiene
125 Worth Street, CN EHS 1000
New York, NY 10013

আপনি যতগুলো বরোয় কাজ করার জন্য আবেদন করেছিলেন, আবেদনের নির্ধারিত তারিখের পর এক সপ্তাহের মধ্যে তার প্রতিটির জন্য আপনার অপেক্ষমান তালিকায় থাকার নম্বর সহ আপনি একটি পোস্টকার্ড পাবেন।